

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date : 21-01-2025  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Statehood Day :**

আজ পূর্ণরাজ্য দিবস। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে রাজ্যে যথাযথ মর্যাদায় ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন করা হবে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ সকাল ১১টায় আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করবেন।

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগু ত্রিপুরার পূর্ণরাজ্য দিবস-২০২৫ উপলক্ষ্যে এক শুভেচ্ছাবার্তায় রাজ্যবাসীকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় রাজ্যপাল বলেন, 'উত্তর-পূর্বাঞ্চল (পুনর্গঠন), আইন ১৯৭১ অনুসারে ত্রিপুরা ১৯৭২ সালের ২১শে জানুয়ারি পূর্ণরাজ্য হিসেবে আত্মপ্রকাশ করে। রাজ্য গঠনের পথ সুগম করার প্রক্রিয়ায় যে সমস্ত নেতৃবর্গের অবদান তাদের তিনি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন।

\*\*\*\*\*

**PM Surya Ghar Mufta Bijli Yojana :**

বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ গতকাল মোহনপুর পুর পরিষদ কার্যালয়ে পি এম সূর্য ঘর মুফত বিজলী যোজনার নাম নথিভুক্তকরণ শিবিরের উদ্বোধন করেন। তিনি বলেন, রাজ্যে সৌরশক্তির সাহায্যে বিদ্যুৎ উৎপাদনের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। এই যোজনায় যেমন নিজের বাড়িতে বিদ্যুৎ উৎপাদন করা যাবে, তেমনি রোজগারেরও সুযোগ পাওয়া যাবে বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

\*\*\*\*\*

## Republic Day Parad :

প্রজাতন্ত্র দিবস প্যারেড ২০২৫ ভারতীয় সাংস্কৃতিক বিবিধতা এবং সামরিক কৌশলের এক অপূর্ব সংমিশ্রণ হবে যেখানে সংবিধান গৃহীত হবার পরের ৭৫ বছর এবং জন অংশীদারিত্বের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হবে।

এবছর প্রজাতন্ত্র দিবস প্যারেডে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি প্রাবণ্ট সুবিয়ান্তো।

\*\*\*\*\*

## Mahakumbha :

উত্তর প্রদেশের প্রয়াগরাজে মহাকুম্ভ ২০২৫-এর সময় সরকার অগ্নি নিরাপত্তার জন্য জোরালো ব্যবস্থা করেছে। মেলা এলাকাকে একটি বিস্তৃত অগ্নি নিরাপত্তা পরিকাঠামো দিয়ে সজ্জিত করা হয়েছে।

মেলা থেকে আমাদের সংবাদদাতা জানাচ্ছেন যে মহাকুম্ভ মেলা এলাকায় মোট ৫০টি ফায়ার স্টেশন এবং ২০টি ফায়ার পোস্ট স্থাপন করা হয়েছে। এছাড়া যেকোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় কৌশলগতভাবে চার হাজার তিনশ' ফায়ার হাইড্রেন্ট মোতায়েন করা হয়েছে। মহাকুম্ভ জুড়ে বিভিন্ন ধরনের ৩৫১টিরও বেশি অগ্নিনির্বাপক যান এবং দুই হাজারেরও বেশি প্রশিক্ষিত কর্মী মোতায়েন করা হয়েছে। প্রতিটি আখড়ার তাঁবুতে অগ্নি নিরাপত্তা ব্যবস্থাও রাখা হয়েছে।

\*\*\*\*\*

## 100 Days TB Campaign :

১০০ দিনের যক্ষ্মা নির্মূল অভিযান সফল করার লক্ষ্যে গতকাল দক্ষিণ জেলার কলাছড়া এলাকার মাইরাছড়ি হাইস্কুলে যক্ষ্মারোগ বিষয়ক এক সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। সভায় মাইরা আয়ুস্মান

আরোগ্য মন্দিরের কমিউনিটি হেলথ অফিসার রেশ্মি ঘোষ ও স্কুলের শিক্ষক ইন্দ্রজিত দেবনাথ সচেতনতামূলক বক্তব্য রাখেন।

\*\*\*\*\*

#### **Asha-Varsha Diwas :**

পুষ্টি সম্পর্কে সচেতনতা, আশা কর্মীদের মাসিক পরীক্ষা ও আয়ুষ্মান বন্দনা কার্ড সম্পর্কে আশা কর্মীদের সচেতন করার লক্ষ্যে গতকাল দক্ষিণ জেলার বীরচন্দ্রমণ্ড প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে 'আশা ভরসা দিবস' পালন করা হয়। অনুষ্ঠানে হাসপাতালের আয়ুষের চিকিৎসক ডা: চন্দ্রানী রায় সহ অন্যান্য স্বাস্থ্যকর্মীরা সচেতনতামূলক বক্তব্য রাখেন।

\*\*\*\*\*

#### **Delhi Assembly Election :**

দিল্লির ৭০ সদস্যক বিধানসভার নির্বাচনের জন্য প্রচার জোরকদমে চলছে। বিভিন্ন রাজনৈতিক দলের প্রার্থীরা এবং তারকারা রোডশো, সমাবেশ, জনসভা ও ডোর টু ডোর প্রচার চালিয়ে যাচ্ছেন। দিল্লি বিধানসভা নির্বাচনে মোট প্রার্থী রয়েছেন ৬৯৯ জন। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ছিল গতকাল।

সবচেয়ে বেশী ২৩ জন প্রার্থী রয়েছেন নতুন দিল্লি বিধানসভা আসনে। সবচেয়ে কম ৫ জন প্রার্থী রয়েছেন প্যাটেল নগর বিধানসভা আসনে।

দিল্লি বিধানসভা নির্বাচনের জন্য ভোট গ্রহন করা হবে আগামী মাসের ৫ তারিখে এবং ভোট গননা হবে ৮ই ফেব্রুয়ারি।

\*\*\*\*\*

#### **Pilak Festival :**

আজ পিলক প্রভু ও পর্যটন উৎসবের শেষ দিন। গত রবিবার থেকে তিনদিনের এই উৎসব শুরু হয়েছে। দক্ষিণ জেলার জোলাইবাড়ির পশ্চিম পিলাক দ্বাদশ স্কুল মাঠে এই উৎসবের

উদ্বোধন করেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী। তিনি রাজ্যের পর্যটন কেন্দ্রগুলিকে নিয়ে সার্কিট গড়ে তোলা সহ পর্যটনের বিকাশে সরকারের বিভিন্ন পরিকল্পনার কথা তুলে ধরেন। অনুষ্ঠানে সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, বিধায়ক মাইলাফু মগ ও স্বপ্না মজুমদার প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ১৬টি সরকারী দপ্তর এবার প্রদর্শনী মন্ডপ খুলেছে মেলায়।

\*\*\*\*\*

#### **Loksabha-speaker :**

লোকসভার স্পিকার ওম বিড়লা সমস্ত রাজনৈতিক দলকে আইনসভার মসৃণ কার্যকলাপ নিশ্চিত করার উদ্দেশ্যে সদস্যদের জন্য একটি অভ্যন্তরীণ আচরণবিধি প্রণয়নের আবেদন করেছেন।

গতকাল পাটনায় অল ইন্ডিয়া প্রিজাইডিং অফিসারস কনফারেন্স (AIPOC) এর ৮৫তম অধিবেশনের উদ্বোধনী অধিবেশনে ভাষণ দিতে গিয়ে, অধ্যক্ষ বিড়লা আইনসভাগুলিতে শৃঙ্খলার অবনতি এবং আইনসভা সংস্থাগুলির বৈঠকের সংখ্যা হ্রাস নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। তিনি আইনসভার কাজে ডিজিটাল প্রযুক্তি, এআই এবং সোশ্যাল মিডিয়ার ব্যবহার প্রচার ও গ্রহণ করার জন্য প্রিজাইডিং অফিসারদের আহ্বান জানান।

\*\*\*\*\*

#### **Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালের দিকে কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৬ ডিগ্রী সেলসিয়াস। আগরতলায় আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২.৪ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*